কালের কণ্ঠ

তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মাদারীপুরে ছাত্রকে পিটিয়ে জখম করলেন শিক্ষক

মাদারীপুর প্রতিনিধি ▷

প্রাইভেট পড়তে না চাওয়ায় সপ্তম শ্রেণির ছাত্র ফাহিমকে পিটিয়ে জখমের অভিযোগ উঠেছে শিক্ষক সুকুমার হালদারের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে গত বুধবার মাদারীপুর সদরের ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ে। এ ব্যাপারে গতকাল বৃহস্পতিবার স্কুলের প্রধান শিক্ষকের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন ছাত্রটির বাবা। ঘটনাটি তদন্তে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

ফাহিমের বাবা পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপপ্রকৌশলী আ স ম হাসান কবির বলেন, 'আমি ঈদের ছুটিতে পরিবারসহ গ্রামের বাড়ি বেড়াতে গিয়ে অসুস্থ হয়ে পড়লে মাদারীপুর আসতে এক দিন দেরি হয়। এরপর আমার ছেলে বুধবার স্কুলে গেলে শিক্ষক সুকুমার হালদার তার কাছ থেকে জরিমানা আদায় করে এবং বকাবকি করে। পরে আমার ছেলেকে তার কাছে প্রাইভেট পড়ার কথা বলে। এতে আমার ছেলে অপারগতা দেখালে ওই শিক্ষক তাকে পিটিয়ে গুরুতর আহত করে।' অভিযুক্ত শিক্ষক সুকুমার হালদার বলেন, 'প্রাইভেট তো দেশব্যাপী সবাই পড়ায়। আমি তো একা পড়াই না।' এ সময় ছাত্রকে নির্যাতনের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'আমি বেত দিয়ে সামান্য একটি বাড়ি দিয়েছি।'

এ ব্যাপারে ওই স্কুলের প্রধান শিক্ষক নুরুল ইসলাম বলেন, নির্যাতনের শিকার ছাত্র ফাহিমের বাবা বৃহস্পতিবার (গতকাল) একটি লিখিত অভিযোগ দিয়েছেন। এ ঘটনায় তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। শিক্ষক কবিতা রানী মালোকে প্রধান করে অন্য দুই শিক্ষক শওকত জামিল ও হযরত আলী মোল্যাকে কমিটির সদস্য করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।